

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নম্বর : ৮০.০০.০০২৬.৩০১(গোপনীয়).১৭.০০১.১৭-২০৭

তারিখ : ০৬.০৬.২০১৭।

বিজ্ঞপ্তি

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য সেবা বিভাগের নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের (পূর্বের সেবা পরিদপ্তর) “সিনিয়র স্টাফ নার্স” পদে ফলাফল স্থগিতকৃত ০৪ জন প্রার্থীর ফলাফল প্রকাশ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৮.১২.২০১৬ তারিখে ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২০৮১.১৬-২৭০ নং বিজ্ঞপ্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য সেবা বিভাগের নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের (পূর্বের সেবা পরিদপ্তর) “সিনিয়র স্টাফ নার্স” পদে নিয়োগের জন্য ০৪ জন প্রার্থীর বিষয়ে কমিশনের সিদ্ধান্ত প্রক্রিয়াধীন থাকায় ফলাফল স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থীদের বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য সেবা বিভাগের নার্সিং ও মিড ওয়াইফারি অধিদপ্তরের (পূর্বে সেবা পরিদপ্তর) “সিনিয়র স্টাফ নার্স” এর ফলাফল স্থগিতকৃত ০৪ জন প্রার্থীর মধ্যে নিম্নে উল্লিখিত রেজিঃ নম্বরধারী ০২ জন প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (Provisionally) নির্বাচন করা হয়েছে :

রেজিঃ নং ০০৭১৭৯ ও ৭০০৩২০ = ০২ জন।

২. অপর ০২ জন প্রার্থী রেজিঃ নং ০০৩০৪৯ ও ২০০৪০২ এর প্রার্থীতা কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে।

৩. সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীকালে যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীদের সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীদের ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাদের চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় নিয়োগ প্রদান করবে। এছাড়াও মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন। সুপারিশকৃত প্রার্থীদ্বয়কে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৫. প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)